গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
www.nachol.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০৫৬.০০০.০২.০৫৪.৩১৯.২৩. ১৮৫

তারিখ: ০২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা এর স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) নং অনুচ্ছেদ এর নির্দেশনা অনুসরণপূর্বক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১২.১০.২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩ নং স্মারকে নির্ধারিত দৈনিক মজুরীর ভিত্তিতে নাচোল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের জন্য একজন অস্থায়ীভাবে সুইপার নিয়োগ দেয়া হবে। উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ কার্যালয়ের জন্য সুইপার পদটি অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বর্ণিত ছক মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতিদিন অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। এছাড়া বিজ্ঞপ্তিটি www.nachol.chapainawabganj.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ১২.১০.২০২২ খ্রি. তারিখে জারিকৃত স্মারক পত্র মোতাবেক দৈনিক মজুরী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | সুইপার | ০১(এক)টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জে.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | অনিয়মিত অদক্ষ সুইপার ৫০০/-(পাঁচশত)<br>নিয়মিত দক্ষ সুইপার ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) | |

নিয়োগের শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়স আগামী ১৩.০২.২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। শুধু মাত্র বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনীর ক্ষেত্রে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।

০৩। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী হলে সেক্ষেত্রে তাকে তার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান অনুসরণ করা হবে।

০৫। "উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, নাচোল পরিষদ নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ" সম্বোধন করে দরখাস্ত এবং খামের উপর পদের নাম লিখতে হবে।

০৬। আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ(১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের মূল কপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

০৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে নিজ ঠিকানা সম্বলিত ৪" ও ১০" ইঞ্চি সাইজের ০৬(ছয়) টাকার ডাক টিকিটসহ ০১টি খাম সংযুক্ত করতে হবে।

০৯। আবেদন পত্র স্বহস্তে লিখতে হবে এবং আগামী ১৩.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ আবেদন পত্র, যে কোন ধরণের সুপারিশ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত যেমন-(ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ১৩.০২.২০২৩ খ্রি. তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে), (ঠ) কোটার প্রার্থী হলে কোটার নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।

১২। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।

১৩। নিয়োগ প্রাপ্ত ব্যক্তির প্রথম ০৬(ছয়) মাস শিক্ষানবিশ হিসেবে অস্থায়ী ভিত্তিতে কর্মরত থাকতে হবে।

১৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
www.nachol.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০৫৬.০০০.০২.০৫৪.৩১৯.২৩. ১৮(১৫০)

তারিখ: ০২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ
০৩। উপজেলা চেয়ারম্যান, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৪। মেয়র, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৫।ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৬। উপজেলা------------------------------------------------কর্মকর্তা/প্রকোশলী,এলজিইড/নাচোল থানা/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাচোল। (তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউনিয়ন পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। তাকে ইউনিয়ন তথ্য বাতায়ন, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান এবং হাট/বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। তাকে হাট/বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি।

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
নাচোল পরিষদ নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ